



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
আইসিটি সেল



সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	সৈয়দ বেলাল হোসেন অতিরিক্ত সচিব
সভার তারিখ	১৩ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০:০০ টা
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব (প্রোগ্রামার, আইসিটি সেল) কে অনুরোধ করা হয়। অতঃপর সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

**১.০ আলোচ্য বিষয়:** সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ।

**১.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১.২ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের উপর বিস্তারিত আলোচনা করেন। সভার শুরুতে ইতোপূর্বে এ বিভাগের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির প্রতিটি সেবার বিপরীতে সেবা প্রদানের নিমিত্ত সেবা প্রত্যাশী কর্তৃক আবেদনের জন্য ফরম সংযোজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কিছু কিছু সেবার ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র হিসেবে সাদা কাগজে আবেদন লেখার পরিবর্তে নির্দিষ্ট ফরম্যাটে ফরম প্রস্তুতপূর্বক তা সেবা প্রত্যাশী জন্য সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। সুরক্ষা সেবা বিভাগের স্ব স্ব শাখার সেবাসমূহ প্রাপ্তির নিমিত্ত আবেদনের জন্য ফরম বিদ্যমান থাকলে, তা হালনাগাদের প্রয়োজন হলে হালনাগাদপূর্বক এবং কোন সেবার ফরম বিদ্যমান না থাকলে তা প্রস্তুতপূর্বক আইসিটি সেলে প্রেরণের জন্য সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। আইসিটি সেল কর্তৃক এ বিভাগের সকল শাখা হতে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ফরম সংগ্রহের জন্য এ বিভাগের সকল কর্মকর্তাবৃন্দ বরাবর পত্র প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**১.২ সিদ্ধান্ত:**

- সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির প্রতিটি সেবার বিপরীতে সেবা প্রদানের নিমিত্ত সেবা প্রত্যাশী কর্তৃক আবেদনের জন্য পর্যায়ক্রমে ফরম সংযোজনকরণ;
- আইসিটি সেল কর্তৃক এ বিভাগের সকল শাখা হতে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ফরম সংগ্রহের জন্য এ বিভাগের সকল কর্মকর্তাবৃন্দ বরাবর পত্র প্রেরণ;
- সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রতিটি সেবার বিপরীতে প্রযোজ্য ক্ষেত্রে পর্যায়ক্রমে ফরম সংযোজনপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি পিডিএফ ফাইল আকারে তথ্য বাতায়নে প্রকাশকরণ।

## ২.০ আলোচ্য বিষয়: বিবিধ।

২.১ আলোচনা: সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের সময় মন্ত্রিপরিষদ বিভাগের 'সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা-২০১৭' নির্দেশিকা এবং সুশাসন অধিশাখা কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনাসমূহ পালনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

## ২.২ সিদ্ধান্ত:

(ক) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের সময় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা-২০১৭ অনুসরণ করা;  
(খ) মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখা কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কোন নতুন নির্দেশনা থাকলে তা এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।




সৈয়দ বেলাল হোসেন  
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.৫৪

তারিখ: ৩ চৈত্র ১৪২৮  
১৭ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) যুগ্মসচিব, পরি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) যুগ্মসচিব, বহিরাগমন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) উপসচিব, প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) উপসচিব, কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৭) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), মাদক-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৮) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), শৃঙ্খলা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৯) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



মোঃ আইয়ুব হোসেন  
প্রোগ্রামার